# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৪

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ উপবাস, রুক্ষ ও নীরস জীবন যাপন করা, পানাহার ও পোশাক ইত্যাদি মনোরঞ্জনমূলক বস্তুতে অল্পে তুষ্ট হওয়া এবং প্রবৃত্তির দাসত্ব বর্জন করার মাহাত্ম্য

## আরবী

وَعَنْ أَبِي أُمَامَةَ إِيَاس بن ثَعلَبَةَ الأَنْصَارِيِّ الحَارِثي قَالَ : ذَكَرَ أَصْحَابُ رَسُولِ اللهِ ﷺ يَوماً عِنْدَهُ الدُّنْيَا فَقَالَ رَسُولُ اللهِ ﷺ أَلاَ تَسْمَعُونَ ؟ أَلاَ تَسْمَعُونَ ؟ إنَّ البَذَاذَةَ مِنَ الإِيمَانِ إنَّ البَذَاذَةَ مِنَ الإِيمَانِ يَعنِي : التَّقَحُّلَ رواهُ أَبو داود

## বাংলা

(৩৫৪) আবূ উমামাহ ইয়াস ইবনে সা'লাবাহ আনসারী হারেসী (রাঃ) বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবীগণ তাঁর নিকট দুনিয়ার কথা আলোচনা করলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা কি শুনতে পাও না? তোমরা কি শুনতে পাও না? আড়ম্বরহীনতা ঈমানের অঙ্গ। আড়ম্বরহীনতা ঈমানের অঙ্গ। অর্থাৎ বিলাসহীনতা।

البذاذة হল সাদাসিধা বেশভূষা ব্যবহার করা এবং জাঁকজমক তথা আড়ম্বরপূর্ণ লেবাস বর্জন করা। আর التقحل হল শৌখিনতা ও বিলাসিতা বর্জন করার সাথে রুক্ষ-শুষ্ক দেহ অবলম্বন করা। (এ উভয়ই মু'মিনের গুণ।)

## ফুটনোট

(আবূ দাউদ ৪১৬৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ ইয়াস ইবনু সা'লাবাহ্ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63715

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন